

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৭.০৪.০২৭.১৯-৪৬৭

তারিখঃ ৩০ অগ্রহায়ণ ১৪২৭
১৫ ডিসেম্বর ২০২০

বিষয়ঃ মহামান্য হাইকোর্টে দায়েরকৃত রিট পিটিশন নং-১৪৫৪০/২০১৮ মামলার রায় বাস্তবায়ন সংক্রান্ত।

সূত্রঃ (১) জেলা প্রশাসক, দিনাজপুর এর স্মারক নং-০৫.৫৫.২৭০০.০১০.০৩.০০৮.১৮-৪৩৩(৪), তারিখঃ ০৮/৭/২০১৮ খ্রি.
(২) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পাবতীপুর এর দপ্তর স্মারক নং- উমাশিঅ/পার্বতী/দিনাজ/নির্বাচন-২০১৮/১৯৯৪, তারিখঃ ২৩/০৭/২০১৮ খ্রি.
(৩) বামাশিবো'র স্মারক নং-বামাশিবো/প্রশা/৩৩১২০১২১০১১/২৯২২৫/নথি নং-১৮৬, তারিখঃ ১৩/০৯/২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দিনাজপুর জেলার পার্বতীপুর উপজেলাধীন মনমথপুর ই,বি,এস,ই আলিম মাদ্রাসা গভর্নিং বডির মেয়াদ ১৩/০৬/২০১৮ খ্রি. তারিখে ০২ বছর পূর্ণ হয় এবং উক্ত গভর্নিং বডি গঠনের নিমিত্ত প্রতিষ্ঠানের ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব সেকেন্দার আলী শাহ কর্তৃক দায়েরকৃত রিট পিটিশন নং- ৬৮২৫/২০১৮ মামলার ২১/৫৮/২০১৮ তারিখের রায়/আদেশ এর আলোকে মহোদয় কর্তৃক ০৮/৭/২০১৮ খ্রি. তারিখে সূত্রোক্ত (১) নং স্মারকমূলে উপজেলা মাধ্যমিক অফিসার, পার্বতীপুর-কে প্রিজাইডিং অফিসার নিয়োগ করা হয়।

২। তৎপ্রেক্ষিতে গভর্নিং বডি নির্বাচন তফসিল অনুযায়ী সকল ক্যাটাগরির সদস্যদের মনোনয়ন জমা না হওয়ায় নির্বাচন করা গেল না মর্মে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কর্তৃক ২৩/৭/২০১৮ খ্রি. তারিখে সূত্রোক্ত (২) মহোদয়-কে অবহিত করা হয়।

৩। ফলে প্রিজাইডিং অফিসার নিয়োগকরত: গভর্নিং বডি নির্বাচন সম্পন্ন করার জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদানের দাবীতে গভর্নিং বডির সভাপতি, জনাব মো: আফসার আলী কর্তৃক মহামান্য হাইকোর্টে পুনরায় রিট পিটিশন নং- ১৪৫৪০/২০১৮ মামলা দায়ের করা হয়। উক্ত মামলায় সচিব, শিক্ষা মন্ত্রণালয়, চেয়ারম্যান, বামাশিবো এবং ডিসি, দিনাজপুর সহ মোট ০৭ (সাত) জন-কে রেসপনডেন্ট করা হয়।

৪। গত ০৭/০১/২০২০ খ্রি. তারিখে উক্ত রিট পিটিশন নং- ১৪৫৪০/২০১৮ মামলায় মহামান্য হাইকোর্ট কর্তৃক নিম্নরূপ রায়/আদেশ প্রদান করা হয়-

"In the facts and circumstances of the case and in consideration of the submission of the learned Advocate for the petitioner, we directed the Deputy Commissioner Dinajpur to appoint presiding officer to conduct election of the Governing Body of the Manmotpur E.B.S.E Alim Madrasha, Parbatipur, Dinajpur within one month from the date of receipt of this judgment and order. With the aforesaid findings and observation the Rule is disosed"

৫। উল্লেখ্য- উক্ত মামলা চলা অবস্থায় প্রতিষ্ঠানের সাময়িক বরখাস্ত থাকা অধ্যক্ষ কর্তৃক বামাশিবো হতে ১৩/৯/২০২০ খ্রি. তারিখে সূত্রোক্ত (৩) স্মারকমূলে এডহক কমিটির অনুমোদন নেয়া হয় মর্মে দাখিলকৃত আবেদনে উল্লেখ করা হয়েছে। কিন্তু বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা'র (গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০০৯ এর অনুচ্ছেদ নং-৯ এর বিধানমতে "উত্তরাধিকার গভর্নিং বডি বা ক্ষেত্রমতে ম্যানেজিং কমিটির প্রথম সভা অনুষ্ঠিত না হওয়া পর্যন্ত উক্ত প্রথম গভর্নিং বডি ক্ষেত্রমতে ম্যানেজিং কমিটি উহার দায়িত্ব পালন অব্যাহত রাখিবে" মর্মে উল্লেখ রয়েছে।

৬। যেহেতু রিট পিটিশন নং- ১৪৫৪০/২০১৮ মামলায় গত ০৭/০১/২০২০ খ্রি. তারিখে মহামান্য হাইকোর্ট কর্তৃক বর্ণিত প্রতিষ্ঠানের গভর্নিং বডি নির্বাচন সম্পন্নকরণের নিমিত্ত সরাসরি জেলা প্রশাসক, দিনাজপুর-কে নির্দেশনা প্রদান করা হয়েছে সেহেতু মহামান্য হাইকোর্টের রায়/আদেশ অনুযায়ী দিনাজপুর জেলার পার্বতীপুর উপজেলাধীন মনমথপুর ই,বি,এস,ই আলিম মাদ্রাসা গভর্নিং বডি গঠনের নিমিত্ত প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা আবশ্যিক।

৭। এমতাবস্থায়, রিট পিটিশন নং- ১৪৫৪০/২০১৮ মামলার ০৭/০১/২০২০ খ্রি. তারিখের রায়/আদেশ অনুযায়ী দিনাজপুর জেলার পার্বতীপুর উপজেলাধীন মনমথপুর ই,বি,এস,ই আলিম মাদ্রাসা গভর্নিং বডি গঠনের প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ নিশ্চিতক্রমে আগামী ৩০/১২/২০২০ খ্রি. তারিখের মধ্যে টিএমইডি-কে অবহিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়-কে অনুরোধ করা হল।

(মো: আ: খালেদ মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৪১০৫০১৫৭।

জেলা প্রশাসক
দিনাজপুর।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশিবাঙ্গার, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। সভাপতি, গভর্নিং বডি / অধ্যক্ষ, মনমথপুর ই,বি,এস,ই আলিম মাদ্রাসা, উপজেলা-পার্বতীপুর, দিনাজপুর।
- ৭। অফিস কপি/মাষ্টার কপি।